দৈনিক ইনকিলাব

283/1
OCT. 24 1999
তারিখ ... OCT. 25 1999
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৫
280

# ১১ দফা বাস্তবায়নের দাবীতে ২০ নভেম্বর মাদ্রাসা ছাত্র ফেডারেশনের মহাসমাবেশ

প্রেস বিজ্ঞপ্তি ঃ দেশের ২৫১টি মাদ্রাসা বন্ধের আদেশ প্রত্যাহার, মাদ্রাসা শিক্ষার জন্য পূর্ণাঙ্গ মন্ত্রণালয় গঠন, মঞ্জুরিপ্রাপ্ত সকল এবতেদায়ী মাদ্রাসার অনুদান প্রদান, শিক্ষা বৃত্তি, চাকরির সর্বস্তরে ফাজিলকে স্নাতক, কামিলকে স্নাতকোত্তর মান নিশ্চিতকরণ, মাদ্রাসা শিক্ষার জন্য টেক্সটবুক বোর্ড, জাতীয় আরবী ইসলামী বিশ্ববিদ্যালয় গঠন, বেসরকারী স্কুল, কলেজ ও মাদ্রাসার শিক্ষকদের ১০০% বেতন ভাতা প্রদান, প্রতি বিভাগে কমপক্ষে ১টি করে মাদ্রাসা টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট প্রতিষ্ঠানসহ মাদ্রাসা ছাত্র সমাজের ১১ দফা বাস্তবায়নের দাবীতে বাংলাদেশ মাদ্রাসা ছাত্র ফেডারেশনের উদ্যোগে আগামী ২০ নভেম্বর ঢাকার ঐতিহাসিক পল্টন ময়দানে ছাত্র-জনতার মহাসমাবেশ অনুষ্ঠিত হবে।

গতকাল ফেডারেশনের অস্থায়ী কার্যালয়ে আইসিপির কেন্দ্রীয় সভাপতি মুফতী মোঃ ইলিয়াসের সভাপতিত্বে অনুষ্ঠিত এক জরুরী সভায় এ সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন ছাত্রনেতা আবদুস ছবুর মাতব্বর, মাদ্রাসা ছাত্র আন্দোলন পরিষদের আহবায়ক জনাব আবদুর রহমান, আঞ্জুমানে তালামিজে ইসলামিয়ার সহ-সাধারণ সম্পাদক ফরিদ আহমেদ চৌধুরী, ঢাকা বিশ্ববিদ্যালয় মাদ্রাসা ছাত্র সংগ্রামে পরিষদের সাধারণ সম্পাদক জাকির হোসেন, আইসিপির সাধারণ সম্পাদক হাফেজ গোলাম মোস্তফা, সাইদুল ইসলাম প্রমুখ।

সভায় আবদুছ ছবুর মাতব্বরকে আহবায়ক এবং হাফেজ গোলাম মোস্তফা, ফরিদ আহমেদ চৌধুরী, মোঃ জাকির হোসেন ও মাতাসিম বিল্লাকে সদস্য করে ৫ সদস্য বিশিষ্ট সম্মেলন প্রস্তুতি কমিটি গঠন করা হয়।